**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩ মহাখালী বা/এ,
ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**বিষয়ঃ জেলা ও উপজেলা পর্যায়ে মুজিব বর্ষে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস ২০২১ উদ্‌যাপন এবং সোশ্যাল মিডিয়ায় প্রচার উপকমিটির সভার কার্যবিবরণী।**

**সভার স্থান** : সম্মেলন কক্ষ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

**সভার তারিখ:** ০৩/০১/২০২১ খ্রি.

**সময়** : বেলা-২-৩০ ঘটিকা।

**সভাপতি** : জনাব মো: আতিকুল হক, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

**উপস্থিতি** : পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার সভাপতি ১০ ই মার্চ'২০২১ তারিখে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস যথাযথভাবে উদ্‌যাপনের জন্য জেলা ও উপজেলা পর্যায়ে, মুজিব বর্ষে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২১ উদ্‌যাপন এবং সোশ্যাল মিডিয়ায় প্রচার উপকমিটির কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি আরো জানান যে, এ বছর এ দিবসের প্রতিপাদ্য হচ্ছে:

**"মুজিব বর্ষের প্রতিশ্রুতি**
**জোরদার করি দুর্যোগ প্রস্তুতি"**

অতপরঃ সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য সভাপতি উপ-কমিটির সদস্য সচিব, পরিচালক (ভিজিডি)কে অনুরোধ করেন।

মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে পরিচালক (ভিজিডি) উপস্হিত সকলকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচি অনুসারে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | জেলা ও উপজেলা পর্যায়ে মুজিব বর্ষে জাতীয় দুর্যোগ প্রস্তুতি বিষয়ক আলোচনা সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করণ। | সকল জেলা প্রশাসক তার জেলায় এবং সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ তার উপজেলায় মুজিব বর্ষ ও দুর্যোগ প্রস্তুতি বিষয়ক আলোচনা সভার আয়োজন করবেন। |
| ২. | জেলা ও উপজেলা পর্যায়ে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া অনুষ্ঠানের আয়োজন করণ। | ৬৪টি জেলা সদরে এবং C.P.P এর কর্ম এলাকার ৪১টি উপজেলায় ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া অনুষ্ঠান করতে হবে। সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক, উপজেলা প্রশাসন, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির (সিপিপি) সহযোগিতায় মহড়া অনুষ্ঠানের ব্যাবস্থা গ্রহণ করবেন। এ ছাড়াও ঢাকা জেলার সাভার, কেরানীগঞ্জ, ধামরাই, দোহার এবং নারায়নগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়ার আয়োজন করবেন। স্বাস্থ্যবিধি ও নিরাপদ দুরত্ব মেনে এ মহড়ায় সিপিপি ভলান্টিয়ার, স্কাউট গার্লস গাইড BNCC ও সীমিত আকারে স্কুলের শিক্ষক ও ছাত্র-ছাত্রি অংশ গ্রহণ করবেন। |
| ৩. | জেলা ও উপজেলা সমূহে আলোচনা সভা ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া অনুষ্ঠানের জন্য বাজেট বরাদ্দ করণ। | গত বৎসরের ন্যায় প্রতি জেলার জন্য ৮,০০০/- (আট হাজার) টাকা করে (জেলা সদরের উপজেলা সহ) এবং প্রতিটি উপজেলার জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে বাজেট বরাদ্দ প্রদান করার জন্য সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে অনুরোধ করা হলো। |
| ৪. | জেলা ও উপজেলা সমূহে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া অনুষ্ঠান মনিটরিং করা। | এ কমিটি সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া অনুষ্ঠানের মনিটরিং করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। |

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৫. | উদ্বোধনী অনুষ্ঠান সোশ্যাল মিডিয়ায় প্রচার। | উদ্বোধনী অনুষ্ঠান সোস্যাল মিডিয়ায় প্রচারের বিষয়ে মন্ত্রণালয়ে অনুষ্ঠিতব্য সভায় বিষয়টি উপস্থাপনের সিদ্ধান্ত গ্রহীত হয়। মন্ত্রণালয়ের সভায় বিষয়টি উপস্থাপন করা হলে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহীত হয়ঃ- ক) উদ্বোধনী অনুষ্ঠান রেডিও, টেলিভিশন, জুমে ও মোবাইলে Live প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) ফেসবুক ও ইউটিউবে Live প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। গ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ফেসবুক গ্রুপ উদ্বোধনী অনুষ্ঠান এবং জেলা/ উপজেলার অনুষ্ঠান সংশ্লিষ্ট জেলা/ উপজেলায় Live প্রচার করতে হবে। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দরত্ব বজায় রেখে জাতীয় দুর্যোগ দিবসের অনুষ্ঠান সুন্দরভাবে করার আহ্বান রেখে ও সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আতিকুল হক)
মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৮৮৩৫৪৯৫
ও
আহবায়ক
জেলা ও উপজেলা পর্যায়ে দুর্যোগ প্রস্তুতি দিবস ২০২১
উদযাপন ওবং সোশ্যাল মিডিয়ায় প্রচার উপকমিটি।

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.০৬.০২৪.২০. ১২ তারিখঃ ১২/০১/২০২১ খ্রি.

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে: (জ্যেষ্ঠতা / পদমর্যাদার ক্রমানুসারে নয়)।**

০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
০৩। মহাপরিচালক, রেডিও বাংলাদেশ, ৩১, সৈয়দ মাহাবুব মুর্শেদ স্মরণী, শেরেবাংলা নগর, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা, চট্টগ্রাম,সিলেট, খুলনা, বরিশাল, রাজশাহী, রংপুর ও ময়মনসিংহ বিভাগ।
০৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, (৬৪টি জেলার ও সংশ্লিষ্ট উপজেলার ফায়ার ব্রিগেটকে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া অনুষ্ঠানের বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
০৬। যুগ্ম-সচিব (সেবা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৭। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর,ঢাকা।
০৮। পরিচালক (প্রশাসন), সিপিপি, মগবাজার, ঢাকা।
০৯। উপ-সচিব (ত্রাণ-১), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
১০। জেলা প্রশাসক (সকল)।
১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
১২। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)।
১৪। কমিউনিকেশন ও মিডিয়া স্পেশালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)।

১২/১/২০২১
(গিয়াসউদ্দিন আহমেদ)
পরিচালক (ভিজিডি)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ফোনঃ ২২২২৬০২০৯
ও
সদস্য সচিব
ও উপজেলা পর্যায়ে দুর্যোগ প্রস্তুতি দিবস ২০২১
উদ্যাপন ওবং সোশ্যাল মিডিয়ায় প্রচার উপকমিটি।